দৈনিক জনকণ্ঠ

২৭

NOV. 1 9 1999
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩... ... কলাম ...৬... ......

সাংবাদিক সম্মেলন

## বিএড কোর্সের নয়া নীতিমালা বাতিলের দাবী

চট্টগ্রাম ব্যুরো ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিএড কোর্সের শিক্ষার্থীদের জন্য সম্প্রতি জারিকৃত নতুন নীতিমালা বাতিল ও পূর্বতন নীতিমালা বহাল করার দাবী জানানো হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকালে চট্টগ্রাম প্রেসক্লাবে চট্টগ্রাম বিএড কলেজ ছাত্র সংসদের উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবী জানান হয়। এতে বক্তব্য পাঠ করেন সংসদের নেতা গিয়াস উদ্দিন। এ সময় যতন বড়ুয়া, আনিসুল হক, নাসির উদ্দিন শাহ, মিজানুর রহমান, জামাল, সাত্তার প্রমুখ উপস্থিত ছিলেন। পঠিত বক্তব্যে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি বিএড কোর্সের শিক্ষানীতিতে ৮ নম্বর অনুচ্ছেদে নতুন নিয়ম প্রবর্তনের ঘোষণা দিয়েছে। এতে আন্তঃ পরীক্ষায় ৪০% এবং বিশ্ববিদ্যালয়ে ৬০% নম্বরে পৃথক পৃথক পাসের বিধান রাখা হয়েছে। শিক্ষা কমিশনের রিপোর্টে এ পর্যন্ত এরকম বিধান ছিল না।